

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org,

E-mail : wbcuta@yahoo.in

সার্কুলার- ১১/২০১৭

তারিখ : ১৯-০৮-২০১৭

কনভেনর প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি রাজ্যে একটি বড় অংশের মানুষ বিশেষত উত্তরবঙ্গের কয়েকটি জেলা ও দক্ষিণবঙ্গের হাওড়া, হুগলী ও পশ্চিম মেদিনীপুরের বহু মানুষ এক অভূতপূর্ব বন্যা পরিস্থিতির শিকার। উত্তরবঙ্গে একাধিক নদীবাঁধ ভেঙ্গে পড়ার কারণে অতীতে যে সমস্ত অঞ্চলে এই পরিমাণ জল জমতো না এবার সেই সব এলাকাও ভয়ঙ্কর ভাবে ক্ষতিগ্রস্ত। মালদা, দুই দিনাজপুর সহ জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহারের বিস্তীর্ণ এলাকা এখনও পর্যন্ত জলের তলায়। শতাধিক মানুষ প্রাণ হারিয়েছেন। কয়েক লক্ষ মানুষ যথাযথ ত্রাণ ও অন্যান্য পরিষেবার অভাবে অসহায় ভাবে দিন যাপন করছেন।

এমতাবস্থায় অধ্যাপক সমিতি নিরব দর্শকের ভূমিকা পালন করতে পারে না। অতীতের মত এবারেও আমরা দ্রুততার সঙ্গে ত্রাণ বাবদ অর্থ সংগ্রহ করে এই বন্যা কবলিত অঞ্চলে আর্ত মানুষদের পাশে দাঁড়াতে চাই। আমরা জানি আপনারা এই মুহুর্তে ইউনিটগুলিতে সভ্যপদ সংগ্রহ ও সংগ্রাম তহবিলে অর্থ সংগ্রহের কাজে ব্যস্ত আছেন। এর মধ্যে থেকেই জরুরী ভিত্তিতে আমাদের বন্যাত্রাণে যথা সম্ভব অর্থ সংগ্রহ করে সমিতির দপ্তরে জমা দিতে হবে। পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে আপনারা এই কাজ দ্রুত সম্পন্ন করবেন আশা রাখি।

সমিতির সকল সদস্য ও শুভানুধ্যায়ী বন্ধুদের কাছে সনির্বন্ধ অনুরোধ, রাজ্যের বন্যা পীড়িত মানুষদের পাশে দাঁড়ান। আপনাদের যথাসম্ভব অর্থ সাহায্য করে সমিতির এই মহান উদ্যোগকে সফল করে তুলুন। আমরা বন্যা পীড়িত জেলাগুলির সম্পাদক/সভাপতি বন্ধুদের সঙ্গে কথা বলে সাধ্যমত ত্রাণ পৌঁছে দেওয়ার ব্যবস্থা দ্রুত করতে চাই।

ধন্যবাদ সহ

শ্রুতিনাথ প্রহরাজ

(শ্রুতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০